

স্মারক নং- ৫৯.১৪.১৩০০.০৬০.৯৯.০০৩.২২.১০০৪

তারিখ-১০/০৮/২০২২খ্রিঃ

২০২১-২০২২ সেশনে এমবিবিএস কোর্সে ২য় মাইগ্রেশন ও অপেক্ষমান তালিকা হইতে ভর্তি সংক্রান্ত নোটিশ

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৯.১৪.০০০০.১০৩.৩১(এমবিবিএস ২য় মাইগ্রেশন), ২০২২.১৬৮, তারিখঃ ০৭/০৮/২০২২ইং মোতাবেক মেডিকেল ভর্তি পরীক্ষায় ১ম বর্ষ এমবিবিএস কোর্সে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর-এর অনুকূলে অপেক্ষমান তালিকা হইতে যে সকল ছাত্র-ছাত্রীরা নির্বাচিত হইয়াছেন আগামী ২৪/০৮/২০২২ইং তারিখে তাহাদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হইবে। অফিস চলাকালীন সময়ে (সকাল ৯:০০ ঘটিকা হইতে দুপুর ২:৩০ ঘটিকা) নিম্নেবর্ণিত সকল কাগজপত্রাদিসহ প্রাথমিকভাবে নির্বাচিত শিক্ষার্থীদেরকে কলেজে উপস্থিত থেকে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করা হইল।

উল্লেখ্য যে, অত্র কলেজে ২য় মাইগ্রেশন প্রাপ্ত শিক্ষার্থীরা ১০/০৮/২০২২ইং তারিখ হইতে ২৪/০৮/২০২২ইং পর্যন্ত অফিস খোলার দিন যেকোন সময় ভর্তি হইতে পারিবে।

ভর্তির জন্য যাবতীয় মূল সনদ/কাগজ-পত্রাদি ও অন্যান্য তথ্যাবলী নিম্নে প্রদত্ত হইল :

১.	এমবিবিএস ভর্তি পরীক্ষার মূল প্রবেশ পত্র - ১ কপি (কালার)।
২.	এমবিবিএস ভর্তি পরীক্ষার Applicant's Copy - ১ কপি (কালার)।
৩.	এমবিবিএস ভর্তি পরীক্ষার রেজাল্টের হার্ড কপি (কালার)- ৩ কপি (ডাউলোড করে প্রিন্টকৃত)।
৪.	এমবিবিএস ভর্তি পরীক্ষার রেজাল্টের কপি (কালার)- সফট কপি - ১ কপি।
৫.	এসএসসি বা সমমান পরীক্ষা পাশের একাডেমিক ট্রান্সক্রিপ্ট (মূল কপি)।
৬.	এইচএসসি বা সমমান পরীক্ষা পাশের একাডেমিক ট্রান্সক্রিপ্ট (মূল কপি)।
৭.	এসএসসি বা সমমান পরীক্ষা পাশের সার্টিফিকেট/সনদ (মূল কপি)।
৮.	এইচএসসি বা সমমান পরীক্ষা পাশের মূল সার্টিফিকেট/প্রশংসা পত্র (মূল কপি)।
৯.	ও লেভেল এবং এ লেভেল/সমমানের মার্কসীট ডিজি অফিস জারীকৃত মূল সনদ পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
১০.	জেলা কোটার দাবীর ক্ষেত্রে স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌর সভার চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিক সনদপত্র মূল কপি (জেলা কোটার ক্ষেত্রে)।
১১.	০৫ (পাঁচ) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ল্যাব প্রিন্টের রঙিন ছবি (০৪ কপি সত্যায়িত)।
১২.	পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কুল চীফ এবং জেলা প্রশাসকের সনদ ও অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কুল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র। অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র।
১৩.	মুক্তিযোদ্ধা কোটায় মনোনীত প্রার্থীদের ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৩২৫.০১৯.২০.৮৭৫, তারিখঃ ১৮/১০/২০২০খ্রিঃ এ জারীকৃত বিধি বিধান অনুসরণ করা হবে।
১৪.	এসএসসি ও এইচএসসি একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফটোকপি - ০৩ কপি করে।
১৫.	জাতীয় পরিচয়পত্র-ফটোকপি (এনআইডি)। যাদের এনআইডি কার্ড হয় নাই তাদের বেলায় জন্ম-নিবন্ধন কপি।
১৬.	স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌর সভার চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।

উল্লেখ্য, ছাত্র/ছাত্রীদের আবেদনপত্রে (ভর্তি ফরম) সংযুক্ত ছবি ও প্রবেশপত্রে লাগানো ছবির সহিত তাহার বর্তমান প্রদত্ত ছবি একই হইতে হইবে।

ক) প্রবেশপত্রে প্রার্থীর স্বাক্ষরের সাথে ভর্তির সময় পূরনকৃত যাবতীয় কাগজ-পত্রে স্বাক্ষরের মিল থাকিতে হইবে।

খ) ভর্তির সময় দাখিলকৃত স্বয়ংক্রিয় অভিপ্রায়নের ফরম কোনরূপ পবিত্রন, পরিবর্তন বা বাতিলের আবেদন গ্রহণযোগ্য হইবে না।

গ) উল্লেখিত নিয়মাবলী সম্পাদনের পর যোগ্য প্রার্থীদেরকে সাময়িকভাবে ভর্তি করা হইবে। পরবর্তীতে কোন ছাত্র-ছাত্রীর দাখিলকৃত দলিলাদির মধ্যে ভুলত্রুটি পরিলক্ষিত হয়, তবে তার ভর্তি বাতিল হইবে এবং তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

ঘ) ভর্তি ফিসহ যাবতীয় ফি বাবদ অপেক্ষমান তালিকা হইতে নির্বাচিত শিক্ষার্থীদের সর্বমোট ২৩,২০০/- (তেইশ হাজার দুইশত) টাকা এবং ২য় দফায় মাইগ্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদের ২২,৮৯০/- (বাইশ হাজার আটশত নব্বই) টাকা ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড (ইউসিবিএল), চাঁদপুর শাখা (পাল বাজার) হিসাবের নাম- অধ্যক্ষ, চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর, হিসাব নম্বরঃ ০৩৬১৩০১০০০০০১৮০-তে জমাপূর্বক রশিদের মূলকপি কলেজ অফিসে জমা দিয়ে ভর্তি ফরম সংগ্রহ করিতে হইবে।

উক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতা প্রদানে জন্য অনুরোধ করা হইল।

স্বাঃ

(অধ্যাপক ডাঃ মোঃ জামাল সালাহ উদ্দিন)

অধ্যক্ষ

চাঁদপুর মেডিকেলকলেজ, চাঁদপুর।

ফোনঃ ০২৩৩৪৪-৮৭০৪৩

Email: chandpurmc@ac.dghs.gov.bd

তারিখঃ ১০/০৮/২০২২খ্রিঃ

স্মারক নং- ৫৯.১৪.১৩০০.০৬০.৯৯.০০৩.২২.১০০৪ (৪)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল-

১। মহা-পরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

২। বিভাগীয় প্রধান (সকল), চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর।

৩। ভর্তি কমিটি (ভর্তি সংক্রান্ত) এবং মেডিকেল বোর্ড (ভর্তি সংক্রান্ত), চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর।

৪। নোটিশ বোর্ড, অত্র কলেজ।

(অধ্যাপক ডাঃ মোঃ জামাল সালাহ উদ্দিন)

অধ্যক্ষ

চাঁদপুর মেডিকেলকলেজ, চাঁদপুর।